প্রথম আলো

তারিখ 23 APR 2017
পৃষ্ঠা … কলাম …

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ

# পরিচালনা কমিটিতে নির্বাচিত হলেন যাঁরা

নিজস্ব প্রতিবেদক ●

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ পরিচালনা কমিটিতে অভিভাবক ও শিক্ষক প্রতিনিধি পদে নির্বাচিত হয়েছেন ৯ জন। এই দুই ধরনের পদে প্রার্থী ছিলেন ৪২ জন। দীর্ঘ ৯ বছর পর গতকাল শনিবার এই নির্বাচন অনুষ্ঠিত হলো।

গতকাল রাতে এই নির্বাচনের ফল ঘোষণা করা হয়। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোছা. সুফিয়া খাতুন *প্রথম আলো*কে বলেন, অভিভাবক প্রতিনিধি হিসেবে নির্বাচিত ছয়জনের মধ্যে উচ্চমাধ্যমিক স্তরে নির্বাচিত দুজন হলেন মো. ইউনুছ আলী আকন্দ ও আতাউর রহমান। মাধ্যমিক স্তরে মারুফ আহমেদ মনসুর ও মুজিবুর রহমান হাওলাদার এবং প্রাথমিক স্তরে মোহাম্মদ তাজুল ইসলাম। আর সংরক্ষিত নারী অভিভাবক সদস্য পদে জয়ী হয়েছেন তিন্না খুরশীদ জাহান।

নির্বাচিত তিনজন শিক্ষক প্রতিনিধির মধ্যে কলেজ স্তরে ফারহানা খানম, বিদ্যালয় স্তরে মাহবুবুর রহমান এবং সংরক্ষিত নারী শিক্ষক প্রতিনিধি পদে নির্বাচিত হয়েছেন মুশতারী সুলতানা।

নিয়মানুযায়ী ১১ সদস্যের পরিচালনা কমিটি হবে। এর মধ্যে অধ্যক্ষ পদাধিকারবলে সদস্যসচিব এবং আরেকজন বিদ্যোৎসাহী সদস্য থাকেন। নির্বাচনের পর একজন সভাপতি হবেন।

সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এই নির্বাচনে ভোট গ্রহণ হয়। ভোটার ছিলেন ২১ হাজার ৫৯৬ জন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং……
তারিখ……
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর